

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯২.০৬৮.২৩ নথির বিষয়: মডস জোন-এ এর আওতাধীন মূর্খাবাড়ি, নয়ানগর, কাজলা ও মাতুয়াইল পশ্চিমপাড়া পানির পাম্প সমূহে ডেপ্ত প্রতিরোধের জন্য আগাছা পরিষ্কার করণ ও মাতুয়াইল-১ নং পাম্পের ডেলিভারী লাইন এর লিকেজ মেরামতকরণ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৭ এর আওতাধীন মূর্খাবাড়ি, নয়ানগর, কাজলা ও মাতুয়াইল পশ্চিমপাড়া পানির পাম্প সমূহে ডেজু প্রতিরোধের জন্য আগাছা পরিষ্কার করণ ও মাতুয়াইল-১ নং পাম্পের ডেলিভারী লাইন এর লিকেজ মেরামতকরণ প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৪/৯/২৩ ২:২৮ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন মূর্খাবাড়ি, নয়ানগর, কাজলা ও মাতুয়াইল পশ্চিমপাড়া পাম্পের দুই পার্শ্বের রাস্তা আর.সি.সি. ঢালাই করে উঁচু করায় উক্ত পাম্প কম্পাউন্ড প্রায় ২-৩ ফুট নিচু হয়ে গেছে। ফলে বর্তমান সময়ে একটু বৃষ্টি হলেই উক্ত পাম্প কম্পাউন্ড সমূহে পানি জমে যায় এবং এর ফলে অনেক গর্ত সৃষ্টি হয়েছে। ফলে উক্ত স্থানে এডিস সহ অন্যান্য মশা ডিম পাড়ার সম্ভাবনা রয়েছে বিধায় উক্ত পাম্প কম্পাউন্ডের নিচু জায়গা সমূহে বালু ভরাট করা প্রয়োজন। অন্যথায় এসকল পাম্প কম্পাউন্ডের সৃষ্ট গর্তে ও নিচু স্থানে পানি জমে মশার উপদ্রব বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। বিধায় উক্ত পাম্প কম্পাউন্ডে মশার লার্ভা নিধনের জন্য কীটনাশক স্প্রে করা প্রয়োজন। এছাড়া উক্ত পাম্প কম্পাউন্ড সমূহে বিদ্যমান ঝোপঝাড় ও আগাছা বেশি হয়ে যাওয়ায় পানি নিষ্কাশন বাধাগ্রস্ত হচ্ছে। পাম্প কম্পাউন্ড এ বিদ্যমান বিভিন্ন ফলজ গাছের ডালপালা বৃদ্ধি পাওয়ায় পাম্প কম্পাউন্ড অন্ধকারাচ্ছন্ন ও গাছের পাতা পড়ে পাম্প কম্পাউন্ডে নোংরা হওয়াসহ পানি জমে থাকছে। তাই পাম্প কম্পাউন্ড সমূহে বিদ্যমান ঝোপঝাড় ও আগাছা সমূহ পরিষ্কার এবং গাছের বর্ষিত ডালপালা কর্তন করা জরুরি প্রয়োজন। সম্প্রতি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ডিজিটাল টিম ঢাকা ওয়াসার বিভিন্ন মডস জোন এর আওতাধীন পাম্প সমূহ পরিদর্শন করে পর্যবেক্ষণ করছে কোথাও এডিস মশার লার্ভা আছে কিনা। কাজেই জরুরি ভিত্তিতে মূর্খাবাড়ি, নয়ানগর, কাজলা এবং মাতুয়াইল পশ্চিমপাড়া পানির পাম্পে কীটনাশক স্প্রে, বালু ভরাট ও বিদ্যমান ঝোপঝাড় ও আগাছা সমূহ পরিষ্কার এবং গাছের বর্ষিত ডালপালা কর্তন করা প্রয়োজন। এছাড়া, মডস জোন-৭ এর আওতাধীন মাতুয়াইল-১ নং পানির পাম্পের ডেলিভারী লাইন লিকেজ হয়ে প্রচুর পরিমাণে পানি বের হয়ে যাচ্ছে। বর্ষিত লিকেজের কারণে পানির অপচয়সহ পাম্প কম্পাউন্ডের ভিতরে পানি জমে গর্তের সৃষ্টি হচ্ছে। ফলে পাম্প কম্পাউন্ডের পরিবেশ নষ্ট হচ্ছে এবং পাম্প কম্পাউন্ডে পান্য চালকগণের ডিউটি করতে অসুবিধা হচ্ছে এবং চলাচলে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে। তাই, পানির অপচয় রোধকল্পে বর্ষিত লিকেজ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি অতি দ্রুত করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৪/৯/২৩ ২:৩০ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে টাকা ওয়াসার রেট সিডিউল এবং অত্র জোনের পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪৮,৫২৫/- (আটগুস্তি হাজার পাঁচশত পঁচিশ টাকা মাত্র) (সংযুক্তি: প্রাক্কলন)। বর্ণিত কাজটির ব্যয়ভার চলতি ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং- বি-১৪.৮ নং আইটেম হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্তি: অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা) এবং কাজটি জরুরি বিবেচনায় পি.পি.আর-২০০৮ এর ৭৬(১)ট্টা) ধারা অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এস. কে. এন্টারপ্রাইজ এর সাথে সরাসরি চুক্তির আওতায় সম্পাদন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা।
- ২। পূর্বানুমোদিত দর।
- ৩। আলোচ্য কাজের প্রাক্কলন।
- ৪। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৪/৯/২৩ ২:৩২ অপরাহ্ন

মডস জোন-৭ এর আওতাধীন মূর্খাবাড়ি, নয়ানগর, কাজলা ও মাছুয়াইল পশ্চিমপাড়া পানির পাশ্প সমূহে ডেঙ্গু প্রতিরোধের জন্য আগাছা পরিষ্কার করণ ও মাছুয়াইল-১ নং পাশ্পের ডেলিভারী লাইন এর লিকেজ মেরামতকরণ কাজটি পি.পি.আর-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এস. কে. এন্টারপ্রাইজ এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে অনুচ্ছেদ নং ১.১ সহ পেশকৃত সর্বমোট ৪৮,৫২৫/- (আটচল্লিশ হাজার পাঁচশত পঁচিশ টাকা মাত্র) প্রাক্কলন এর সদয় অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের আওতাধীন।

Ayesa

১৭/৯/২৩ ৩:১৯ অপরাহ্ন
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

Gen. —

১৭/৯/২৩ ৩:২১ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

[Signature]

১৭/৯/২৩ ৩:২৭ অপরাহ্ন
মোঃ লিমন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৭



১৮/৯/২৩ ৩:০৪ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১৮/৯/২৩ ৩:০৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন
রক্ষণাবেক্ষণ)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৯/৯/২৩ ৬:৪৮ অপরাহ্ন


অনুমোদিত



১৯/৯/২৩ ৬:৪৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২০/৯/২৩ ১০:০৯ অপরাহ্ন
মোঃ লিমন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৭



২১/৯/২৩ ৯:৫০ পূর্বাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

২১/৯/২৩ ৯:৫০ পূর্বাহ্ন
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭